উপজেলা পরিষদ কার্যালয়
তাড়াইল, কিশোরগঞ্জ

## তাড়াইল উপজেলা মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ জহিরুল ইসলাম ভুঞা
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাড়াইল, কিশোরগঞ্জ।

সভার তারিখ : ২৯/০৩/২০২২ খ্রি.।

সভার সময় : বেলা- ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক' তে প্রদর্শিত হলো।

সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতেই মার্চ/২০২২ মাসে উদযাপিত জাতীয় দিবসের সকল অনুষ্ঠানসমূহে স্বতস্ফুর্ত অংশগ্রহণ করায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ গত ১৭/০২/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে পর্যালোচনা করা হয় এবং সকলকে কার্যসূচী অনুযায়ী আলোচনা করার আহ্বান জানানো হয়। উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সকল উপস্থিত সদস্যবৃন্দ তাদের স্ব-স্ব বিভাগের কার্যক্রম সম্পর্কে বক্তব্য উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন বিভাগের কার্যক্রমের উপর নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **১. স্বাস্থ্য বিভাগ-** | | |
| কার্যপত্র প্রেরিত হয়নি। | কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা তাড়াইল, কিশোরগঞ্জ |
| **২. কৃষি বিভাগ-** | | |
| উপজেলা কৃষি অফিসার জানান, আসন্ন বোরো ধানের ফলন ভাল। তবে ধানের শীষ সাদা হওয়া রোধকল্পে জমিতে ৩-৩.৫ সে.মি. পর্যন্ত পানি ধরে রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাড়াইল উপজেলার জন্য খরিফ-১ মৌসুমে আউশ ধানের প্রনোদনা কর্মসূচি পাওয়া গেছে। ইহা উপজেলা কৃষি পুর্নবাসন বাস্তবায়ন কমিটির মাধ্যমে ইউনিয়নওয়ারী বিভাজন করা হবে। এ উপজেলায় রাসায়নিক সার, বীজ ও কীটনাশক মজুদ সন্তোষজনক আছে মর্মে সভাকে জানানো হয়। | কৃষি প্রনোদনা কর্মসূচি নীতিমালার আলোকে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **৩. প্রাণিসম্পদ বিভাগ-** | | |
| কার্যপত্র প্রেরিত হয়নি। | কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ |
| **৪. স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ-** | | |
| ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, তাড়াইল ২০২১-২০২২ অর্থবছরে উন্নয়ন তহবিল ও বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় প্রাপ্ত প্রকল্পগুলো হতে উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত প্রকল্পগুলো সভায় উপস্থাপন করেন। সুপারিশকৃত প্রকল্পগুলোর উপর বিস্তারিত আলোচনা হয়।<br>খ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি আরো জানান যে, তাড়াইল উপজেলার বিভিন্ন রাস্তার আইডি অর্ন্তভূক্তির জন্য প্রস্তাব উপস্থাপন করেন (পরিশিষ্ট-গ)।<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি বলেন, উপজেলা পষিদের আওতাধীন ভবন ও বিভিন্ন দপ্তর সমূহের ভবন গুলোর অবস্থা খুবই নাজুক। উপজেলা পষিদের আওতাধীন ভবন ও বিভিন্ন দপ্তর সমূহের ভবন গুলোর বেহাল দশার জন্য এ গুলো সংস্কারের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে পত্র | ক) পরিশিষ্ট- 'ক' ও 'খ' তে উল্লিখিত প্রকল্পগুলো সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।<br>খ) এ উপজেলায় নতুন রাস্তা আইডিভূক্তির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। (পরিশিষ্ট-গ)<br>গ) উপজেলা পষিদের আওতাধীন ভবন ও বিভিন্ন দপ্তর সমূহের ভবন গুলোর সংস্কারের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়। (পরিশিষ্ট-ক) | ১। উপজেলা নির্বাহী অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ<br>২। উপজেলা প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ |

**৫. শিক্ষা বিভাগ-**

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল এ উপজেলার ৭১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা প্রদান ক্লাশ কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সরকারি নির্দেশনানুযায়ী শিক্ষা ক্লাশ কার্যক্রমে অগ্রগতি সাধন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **৬. মৎস্য বিভাগ-** | | |
| উপজেলা মৎস্য অফিসার জানান তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাড়াইল |
| **৭. পরিবার পরিকল্পনা বিভাগ-** | | |
| উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাড়াইল এর প্রতিনিধি জানান যে, দপ্তর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দপ্তর প্রধান সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তাড়াইল, কিশোরগঞ্জ |
| **৮. যুব উন্নয়ন বিভাগ-** | | |
| উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। উপজেলা পরিষদ মসজিদের পুকুরের কুচুরীপানা পরিষ্কার করে মৎস্য চাষ ও শাপলা ফুল চাষ করলে মসজিদের আয় বৃদ্ধিসহ সৌন্দর্য বর্ধন হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **৯. পল্লী উন্নয়ন বিভাগ-** | | |
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, গুচ্ছগ্রাম প্রকল্পের আওতায় ০.৩০ হাজার টাকা এবং বীর মুক্তিযোদ্ধা প্রকল্পের আওতায় ০.৫০ লক্ষ টাকা ঋণ আদায় করা হয়। সহিলাটিতে ঋণ বিতরণের পরিমাণ ২.৫০ লক্ষ টাকা। | ঋণ আদায় ও বিতরণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ শতভাগ আদায় কার্যক্রম সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **১০. সমবায় বিভাগ-** | | |
| কার্যপত্র প্রেরিত হয়নি। | কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **১১. প্রকল্প বাস্তবায়ন বিভাগ-** | | |
| ১. উপজে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, টি আর প্রকল্পের ২য় পর্যায়ের কাজ ৩০ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখের মধ্যে শেষ করার নির্দেশনা রয়েছে। তিনি অতিসত্ত্বর প্রকল্প তালিকা দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), তাড়াইলকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার বলেন, প্রকল্পের নির্দেশনা অনুযায়ী শ্রমিক নিয়োগ করতে হবে। এর বেত্যয় ঘটানো যাবে না।<br><br>২. ইজিপিপি এর ১ম পর্যায়ের ৬টি ইউনিয়নের বিল অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট রাউতি ইউনিয়নের বিলটি অধিদপ্তরে প্রেরণের লক্ষ্যে তার কার্যালয়ে দাখিলের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, রাউতি, তাড়াইলকে অনুরোধ জানান। | ১. নির্ধারিত তারিখের মধ্যে টি আর প্রকল্পের ২য় পর্যায়ের কাজ শেষ করতে হবে। প্রকল্পের নির্দেশনা অনুযায়ী শ্রমিক নিয়োগ করতে হবে।<br><br>২. ইজিপিপি এর ১ম পর্যায়ের রাউতি ইউনিয়নের বিল দাখিল করতে হবে। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ ও<br>২। ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ |
| **১২. মহিলা বিষয়ক বিভাগ-** | | |
| কার্যপত্র প্রেরিত হয়নি। | কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **১৩. জনস্বাস্থ্য বিভাগ-** | | |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান যে, এ উপজেলায় ২০২১-২২ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় মোট ১৯২টি (প্রতিটি ইউনিয়নে ২৬টি) নলকূপ ও হাওর অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় মোট ১৫০টি নলকূপ ও ১১টি ইমপ্রুভ ল্যাট্রিন বরাদ্দ পাওয়া গেছে। প্রকল্প দুটিতে মোট ১৫৯টি সাব-মার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ১৩১টি তারা গভীর নলকূপ এবং ৪২টি তারা অগভীর নলকূপ রয়েছে। | প্রকল্পের নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে উপজেলা ওয়াটসন কমিটির সভা আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, তাড়াইল, কিশোরগঞ্জ |

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **১৪. মাধ্যমিক শিক্ষা বিভাগ-** | | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী এ উপজেলায় করোনায় ক্ষতিগ্রস্ত শিক্ষা কার্যক্রম পুষিয়ে নিতে আগামী ২৬ এপ্রিল, ২০২২ খ্রি. পর্যন্ত মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শর্ত মোতাবেক উপবৃত্তির আবেদন গ্রহণ ও বাছাই কার্যক্রম চলমান। এ বিষয়ে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সহযোগিতা কামনা করা হয়। | নীতিমালা অনুযায়ী উপবৃত্তির আবেদন গ্রহণ ও বাছাই কার্যক্রম সম্পন্ন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **১৫. ইন্সট্রাক্টর উপজেলা রিসোর্স সেন্টার-** | | |
| কার্যপত্র প্রেরিত হয়নি। | কার্যপত্র প্রেরণ করতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **১৬. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ-** | | |
| শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প) কার্যক্রম স্বাভাবিক। উক্ত প্রকল্পে বিতরণযোগ্য ৩৫ লক্ষ টাকার মধ্যে বিতরণকৃত ঋণ ২ লক্ষ ৬২ হাজার টাকা। এ বিষয়ে সংশ্লিষ্টকে জবাব দিতে বলা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | মৃত ব্যক্তির উত্তরাধীকারিগণের নামে সার্টিফিকেট মামলা দিয়ে ঋণ আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>২। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক (বিলুপ্ত আমার বাড়ি আমার খামার প্রকল্প), তাড়াইল |
| **১৭. উপজেলা সমাজসেবা বিভাগ-** | | |
| উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বরাদ্দকৃত বয়স্কভাতা, বিধবাভাতা ও প্রতিবন্ধীভাতা কার্যক্রমের আওতায় মৃত ব্যক্তির স্থলে প্রতিস্থাপন কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া হাসপাতালে ভর্তিকৃত দরিদ্র রোগীদের ঔষধ ক্রয় বাবদ আর্থিক সাহায্য প্রদান ও ক্যান্সার আক্রান্ত রোগীদের আর্থিক অনুদান প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়। | সকল ভাতা প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে ও সরকারি নির্দেশনার আলোকে নীতিমালা অনুযায়ী সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার,<br>২। ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ |
| **১৮. বন বিভাগ-** | | |
| কার্যপত্র প্রেরিত হয়নি। | কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা বন সংরক্ষণ কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **১৯. উপজেলা পরিসংখ্যান বিভাগ-** | | |
| কার্যপত্র প্রেরিত হয়নি। | কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ |
| **২০. ইউ সি সি এল-** | | |
| চেয়ারম্যান, ইউ সি সি এল, তাড়াইল বলেন, বর্ষাকাল আসন্ন। বিআরডিবি বিল্ডিংটি আরসিসি পিলারের উপর স্থাপিত। উপজেলা পরিষদের পক্ষ থেকে বিল্ডিংটির নীচে মাটি ভরাট কার্যক্রম গ্রহণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। | বিআরডিবি বিল্ডিংটির নীচে মাটি ভরাট কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাড়াইল |
| **২০. বিবিধ আলোচনা-** | | |
| ক) উপজেলা নির্বাহী অফিসার, তাড়াইল বলেন, এ উপজেলায় উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাগুলি নিয়মিত করতে হবে। উপজেলা পরিষদ হলরুমের আধুনিকায়নে প্রয়োজনীয় সংস্কার করতে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। | ক) উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভাগুলি নিয়মিত করতে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদ হলরুমের প্রয়োজনীয় সংস্কার করতে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,<br>২। উপজেলা কর্মকর্তা (সকল),<br>৩। ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ |

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| খ) উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে আইপিএস এর ব্যাটারি ক্রয় মজুরি সহ ২১,৮০০/- (একুশ হাজার আটশত) টাকা, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে আইপিএস এর ব্যাটারি ক্রয় মজুরি সহ ২১,৮০০/- (একুশ হাজার আটশত) টাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে আইপিএস এর ব্যাটারি ক্রয় মজুরি সহ ২১,৮০০/-(একুশ হাজার আটশত) টাকা, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে আইপিএস মেরামত ৩,১০০/- (তিন হাজার একশত) টাকা, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষে বেসিন ক্রয় বাবদ ১৩,৪০০/-(তের হাজার চারশত), নির্বাহী অফিসারের অফিস কক্ষের ফ্যান ক্রয় বাবদ ৭,০৫০/-(সাত হাজার পঞ্চাশ) টাকা, উপজেলা পরিষদ মসজিদে টাইলস সংস্কার বাবদ ১৫,৪৪০/- (পনের হাজার চারশত চল্লিশ) টাকা ব্যায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | খ) পার্শ্বে উল্লিখিত খাতে বর্ণিত টাকা ব্যায়ের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার,<br>২। উপজেলা কর্মকর্তা (সকল),<br>৩। ইউপিঃ চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ |

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে মাহে রমযানের শুভেচ্ছা জানান। মার্চ/২২ মাসের জাতীয় প্রোগ্রামগুলোতে দায়িত্ব নিয়ে কাজ করায় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ জহিরুল ইসলাম ভুঞা)<br>
চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>
তাড়াইল, কিশোরগঞ্জ<br>
ও<br>
সভাপতি<br>
উপজেলা মাসিক সভা,<br>
তাড়াইল, কিশোরগঞ্জ

স্মারক নং: ০৫.৪১.৪৮৯২.০০০.০০.০০১.২১- ১১৬(৪৫) তারিখ: ২৯/০৩/২০২২ খ্রি.

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

০১. জনাব মোঃ মুজিবুল হক চুন্নু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৩।
০২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৪. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৫. উপ পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ।
০৬. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৭. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাড়াইল, কিশোরগঞ্জ।
০৮. উপজেলা.................................................কর্মকর্তা, তাড়াইল, কিশোরগঞ্জ ও সদস্য, উপজেলা মাসিক সভা।
০৯. ইউপি চেয়ারম্যান (সকল), তাড়াইল, কিশোরগঞ্জ ও সদস্য উপজেলা মাসিক সভা।
১০. অফিস কপি।

২৯/০৩/2022

উপজেলা নির্বাহী অফিসার<br>
তাড়াইল, কিশোরগঞ্জ<br>
ও<br>
মূখ্য নির্বাহী কর্মকর্তা<br>
উপজেলা পরিষদ